শেখ হাসিনার দর্শন সব মানুষের উন্নয়ন

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
প্রশাসন ও সংস্থাপন বিভাগ
www.baera.gov.bd

স্মারক নম্বর: ৩৯.০৭.০০০০.০০১.১৬.০০৫.১৯.১৭০

তারিখ: ৪ শ্রাবণ ১৪২৯
১৯ জুলাই ২০২২

বিষয়: **বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন (বই) আকারে প্রকাশের জন্য তথ্য প্রেরণ।**

সূত্র: ৩৯.০০.০০০০.০০২.১৬.০৩১.২০.১৪০ ২৯ জুন ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন (বই) আকারে প্রকাশের জন্য বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের তথ্য (হার্ডকপি ও সফটকপি) এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি:- বর্ণনামতে।

২০-৭-২০২২
প্রকৌশলী মোঃ মোজাম্মেল হক
চেয়ারম্যান
ফোন: +৮৮০২৮১৮১৯২২
ফ্যাক্স: +৮৮০২৮১৮১০১৫
ইমেইল: chairman@baera.gov.bd

সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
(উপসচিবঅধিশাখা/শাখা-২বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়)

স্মারক নম্বর: ৩৯.০৭.০০০০.০০১.১৬.০০৫.১৯.১৭০/১(৭)

তারিখ: ৪ শ্রাবণ ১৪২৯
১৯ জুলাই ২০২২

অনুলিপি:
১) সদস্য, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
২) পরিচালকবৃন্দ (বাপশনিক)
৩) মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

২০-৭-২০২২
মোঃ আফছার উদ্দিন
মুখ্য প্রশাসনিক কর্মকর্তা

# বার্ষিক প্রতিবেদন

# অর্থবছর ২০২১-২২



বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

ই-১২/এ, আগরগাঁও, পোষ্ট বক্স নং- ২৪০, ঢাকা- ১২০৭
ইমেইলঃ info@baera.gov.bd
ওয়েবসাইটঃ www.baera.gov.bd

**পটভূমি:**

স্বাধীনতার পর থেকেই বাংলাদেশে চিকিৎসা, শিল্প, গবেষণা এবং কৃষিখাতে নিউক্লীয় বিজ্ঞান ও প্রযুক্তি ব্যাপকভাবে ব্যবহৃত হয়ে আসছে। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর বলিষ্ঠ নেতৃত্বে ১৯৭১ সালে স্বাধীনতা অর্জনের পর দেশে নিউক্লীয় বিজ্ঞান ও প্রযুক্তির শান্তিপূর্ণ ব্যবহার ত্বরান্বিত করার জন্য ১৯৭৩ সালে মহামান্য রাষ্ট্রপতির আদেশক্রমে (১৯৭৩ সালের ১৫নং আইন) বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন প্রতিষ্ঠিত হয়েছিল। বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের দায়িত্বে বিকিরণের ক্ষতিকর প্রভাব থেকে জনসাধারণ ও পরিবেশের সুরক্ষার জন্য সরকার কর্তৃক ১৯৯৩ সালে পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ (পানিবিনি) আইন, ১৯৯৩ জারী করা হয় এবং পরবর্তীতে এতদ্সংক্রান্ত পানিবিনি বিধিমালা-১৯৯৭ প্রজ্ঞাপিত হয়। "২০২১ সালের মধ্যে সবার জন্য বিদ্যুৎ" বিষয়টি বিবেচনায় নিয়ে বর্তমান সরকার রূপপুরে দেশের প্রথম পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের সিদ্ধান্ত গ্রহণ করেছে এবং সরকারের অগ্রাধিকার প্রাপ্ত ছয়টি (০৬) প্রকল্পের মধ্যে এটিকে চিহ্নিত করা হয়েছে। রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র এবং দেশের অন্যান্য নিউক্লীয় ও বিকিরণ স্থাপনাসমূহের যথাযোগ্য নিরাপত্তা ও নিয়ন্ত্রণ সুনিশ্চিত করার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পানিবিনি আইন, ১৯৯৩ বতিল ও সংহতকরণপূর্বক বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ প্রণয়ন করেন। উক্ত আইন মোতাবেক গত ১২ ফেব্রুয়ারী ২০১৩খ্রি. তারিখে বাংলদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ প্রতিষ্ঠিত হয়।

**রূপকল্প** (Vision) :

একটি নির্ভরযোগ্য নিয়ন্ত্রণমূলক ব্যবস্থা প্রতিষ্ঠার মাধ্যমে পরমাণু শক্তির নিরাপদ ও শান্তিপূর্ণ ব্যবহারের ক্ষেত্রে দীর্ঘমেয়াদি নিয়ন্ত্রণ, সুরক্ষা ও স্থিতিশীলতা নিশ্চিতকরণ।


**অভিলক্ষ্য** (Mission) :

জনসাধারণ এবং বিকিরণ কর্মীদের জীবন ও স্বাস্থ্য সুরক্ষা এবং পরিবেশে বিরূপ প্রতিক্রিয়া নিয়ন্ত্রনের নিমিত্ত নিরাপত্তা, সিকিরিউটি, বিকিরণ সুরক্ষা ও সেফগার্ডস সংশ্লিষ্ট নিউক্লিয় নিয়ন্ত্রণমূলক কর্মসূচীর যথাযথ প্রতিপালন।

19.07.2022
রুমানা শারমিন ফারজানা
প্রশাসনিক কর্মকর্তা
প্রশাসন ও সংস্থাপন বিভাগ
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
আগারগাঁও, ঢাকা।

## কর্তৃপক্ষের সাংগঠনিক কাঠামোর বিবরণ

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ-এর প্রস্তাবিত সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্ত ৩৬০ টি পদের মধ্যে একজন চেয়ারম্যান ও চারজন সদস্যসহ মোট ১৩২ টি পদ সৃজিত হয়েছে। তার মধ্যে ১১৮ টি পদে কর্মকর্তা/কর্মচারী কর্মরত রয়েছেন।




19.07.2022

রুমানা শারমিন ফারজানা
প্রশাসনিক কর্মকর্তা
প্রশাসন ও সংস্থাপন বিভাগ
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
আগারগাঁও, ঢাকা।

## কর্তৃপক্ষের প্রধান কার্যাবলিঃ

১. দেশে নিউক্লীয় নিরাপত্তা ও বিকিরণ সুরক্ষার জন্য বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এবং তদাধীন প্রণীত বিধিমালা ও প্রবিধানমালার পরিপূর্ণ বাস্তবায়ন;

২. বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এর ধারা-১৮ অনুযায়ী সকল ধরনের নিউক্লীয় ও বিকিরণ স্থাপনা এবং নিউক্লীয় ও তেজস্ক্রীয় পদার্থ এবং এদের বর্জ্য ও বিকিরণ উৎপন্নকারী যন্ত্রপাতির অনুমোদন প্রদান, অব্যাহতি প্রদান, স্থগিত এবং বাতিলকরণ;

৩. আয়নায়নকারী বিকিরণ এর সম্ভাব্য ঝুঁকির বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে সকল অংশীজনদের সাথে সভা, সেমিনার ও কর্মশালার আয়োজন এবং ইলেক্ট্রনিক, প্রিন্টমিডিয়া ও ইন্টারনেটের মাধ্যমে তথ্য প্রদান ও পরামর্শ;

৪. নিউক্লীয় ও বিকিরণ স্থাপনাসহ সকল নিউক্লীয় ও তেজস্ক্রীয় পদার্থের ভৌত সুরক্ষা, সেফগার্ডস এবং অবৈধ পাচারসহ নিউক্লীয় ও বিকিরণ নিরাপত্তা ও রেডিওলজিক্যাল জরুরী ব্যবস্থা সম্পর্কিত আন্তর্জাতিক চুক্তি, এগ্রিমেন্ট, প্রটোকল ও কনভেনশন বাস্তবায়ন সম্পর্কিত কার্যক্রম পরিচালনা;

৫. নিউক্লীয় ও বিকিরণ নিরাপত্তা বিষয়ে বিদেশী নিউক্লীয় নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এবং আন্তর্জাতিক সংস্থা ও এজেন্সীর সাথে পারস্পরিক যোগাযোগ ও সহযোগিতা এবং

৬. কর্মকর্তা/কর্মচারীদের জন্য মানবসম্পদ উন্নয়ন, প্রশিক্ষণ কর্মসূচী গ্রহণ ও পরিচালনা।

## ২০২১-২০২২ অর্থবছরের উল্লেখযোগ্য কার্যাবলী:

### পারমাণবিক নিরাপত্তা, সুরক্ষা ও সেফগার্ড বিভাগ এর কার্যাবলী:

(০১) বাংলাদেশ পরমাণ শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষে নিয়োজিত বিজ্ঞানী, প্রকৌশলী ও জুনিয়র কনসালটেন্টগণ কর্তৃক রূপপুর রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্পের ইউনিট-১ ও ইউনিট-২ এর রিঅ্যাক্টর ভবনসহ অন্যান্য সহায়ক ভৌত অবকাঠামোগত উন্নয়নে নিয়ন্ত্রণমূলক তদারকি ও কাজের মান যাচাই কার্যক্রম চলমান।

(০২) রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্পের ইউনিট-১ এর রিঅ্যাক্টর ভবনের 10UJA-এর চার (০৪)টি Reactor Coolant Pump (RCP)-এর installation এর কাজ চলছে এবং একটি pressurizer স্থাপন করা হয়েছে। রিঅ্যাক্টর এর ১২টি Hydro accumulator এর installation এর কাজ চলমান আছে। Inner containment wall এর NDT এর কাজ +38m to +43m পর্যন্ত সম্পন্ন হয়েছে এবং inner containment wall এর Dome এর নীচের অংশের reinforcement frame work এর কাজ চলমান আছে। ইউনিট-১ এর cooling tower IIURA এবং 12URA এর রেকার কলাম স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। কর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত জুনিয়র কনসালটেন্টগণ সার্বক্ষণিকভাবে উক্ত কর্মকান্ড পর্যবেক্ষণ এবং Regulatory inspection কার্যক্রম সম্পাদন করেন।

(০৩) গত ০৫-০৮ সেপ্টেম্বর ইং তারিখে রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্রের পারমানবিক নিরাপত্তা তদারকিকরণের লক্ষ্যে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের "নিউক্লিয়ার রেগুলেটরী ইনফ্রাস্ট্রাকচার উন্নয়ন" শীর্ষক প্রকল্পে সংযুক্ত BAERA- এর বিজ্ঞানী/ প্রকৌশীদের নিয়ে "Regulatory Supervision to the Construction Activities of Rooppur Nuclear Power Plant Project শীর্ষক শিরোনামে একটি প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় Resource Person হিসেবে Rostechnadzor এর বিশেষজ্ঞ Mr. Rovkach Ivan উপস্থিত ছিলেন। উক্ত কর্মশালায় সদ্য

19.07.2022
রুমানা শারমিন ফারজানা
প্রশাসনিক কর্মকর্তা
প্রশাসন ও সংস্থাপন বিভাগ
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
আগারগাঁও, ঢাকা।

নিয়োগপ্রাপ্ত বিজ্ঞানী/ প্রকৌশলী অংশগ্রহণ কারেন এবং এনএসএসএস বিভাগের উর্ধ্বতন বিজ্ঞানী/ প্রকৌশলীগণের সাথে রূপপুর পামাণবিক কেন্দ্রের construction সংক্রান্ত Regulatory issue নিয়ে মতবিনিময় করেন।

(০৪) গত ১৩-২৬ সেপ্টেম্বর ২০২১ ইং তারিখে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ইউনিট-০১ এর Reactor Pressure Vessel (RPV) Installation এর সময়ে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিয়ন্ত্রণমূলক কাজের অংশ হিসেবে Regulatory Inspection কার্যক্রম সম্পাদন করা হয়। উক্ত Regulatory Inspection -এ JSC "Vo "Safety" -এর ০৭ জন বিশেষজ্ঞসহ কর্তৃপক্ষের ০৯ জন বিজ্ঞানী/প্রকৌশলী অংশগ্রহণ করেন।

(০৫) গত ২১ অক্টোবর ২০২১ ইং তারিখে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের AERE, Savar-এর Health Physics and Radioactive Waste Management Unit (HPRWMU)-এ একটি Safeguards Inspection-এর কাজ সম্পাদন করা হয়।

(০৬) গত ২৭-৩০ নভেম্বর ২০২১ ইং তারিখে IAEA-এর দুইজন expert এবং NSSS বিভাগের ৪ জন বিজ্ঞানী/প্রকৌশলীসহ মোট ০৬ (ছয়) সদস্যের একটি Inspection Team রূপপুর সাইটে Safeguards Inspection কার্যক্রম সম্পন্ন করেন।

(০৭) "Renewal of ongoing regulatory agreements with Rostechnadzor "TSO JSC "VO" "Safety" in Russian Federation during 28 Nov- 11 Dec, 2021 উক্ত চুক্তির negotiation এর লক্ষ্যে কর্তৃপক্ষের একজন মেম্বার, NSSS এর প্রকল্প পরিচালকসহ ৪ জন বিজ্ঞানী এবং প্রকৌশলী এবং মন্ত্রণালয়ের একজন Joint Secretary সহ ছয় সদস্যের একটি টিম রাশিয়ায় অবস্থান করেন এবং contract-3 এর negotiation কাজ সম্পন্ন করেন।

(০৮) গত ২৩ ডিসেম্বর ২০২১ ইং তারিখে BAERA এর TSO রাশিয়ান ফেডারেশনের JSC "VO" "Safety" এর সাথে চলমান চুক্তি (Contract No-3) চূড়ান্তকরণ সংক্রান্ত বিষয়ে Contract Negotiation সভা BAERA-তে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় JSC "VO" "Safety"-এর ০৫ জন বিশেষজ্ঞ কর্তৃপক্ষের চেয়ারম্যান, মেম্বার মহোদয় এবং NSSS বিভাগের বিজ্ঞানী এবং প্রকৌশলীগণ উপস্থিত ছিলেন।

(০৯) ০৯ জানুয়ারি ২০২২ হতে ২০ জানুয়ারি ২০২২ তারিখ পর্যন্ত রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের পারমাণবিক নিরাপত্তা তদারকিকরণ প্রকল্পের আওতায় রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের 10UJA Building এর MCP (Main Circulation Pipeline) এর "Fitting and Assembly" সংক্রান্ত কার্যক্রমে Regulatory Inspection.

(১০) গত ২১ ফেব্রুয়ারি ২০২২ তারিখে সিনিয়র সচিব মহোদয়, বিপ্রম, কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়, অতিরিক্ত সচিব (পাবি), বিপ্রম, প্রকল্প পরিচালক, আরএনপিপি প্রকল্প, যুগ্মসচিব, বিপ্রম এবং প্রকল্প পরিচালক, নিউক্লিয়ার রেগুলেটরী ইনফ্রাস্ট্রাকচার উন্নয়ন প্রকল্প, বাপশনিকদের নিয়ে Regulations for Physical Protection of Nuclear Material and Nuclear Facilities, 2021 খসড়ার বিভিন্ন বিষয় নিয়ে পর্যালোচনা করে Regulationটি চূড়ান্তকরণ বিষয়ক সভা অনুষ্ঠিত।

(১১) গত ০১ মার্চ ২০২২খ্রি আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থা (IAEA) কর্তৃক পরিচালিত ISSAS Mission উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভা ও নিউক্লিয় পদার্থের হিসাব বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত।

(১২) Safeguards Inspection of Dhaka Medical College Hospital (DMCH) and National Institute of Cancer Research and Hospital (NICRH) on 08 March 2022.

(১৩) Safeguards Inspection of Centre for Research Reactor (CRR), AERE, Savar, Dhaka on 13 March 2022.

17.07.2022
রুমানা শারমিন ফারজানা
প্রশাসনিক কর্মকর্তা
প্রশাসন ও সংস্থাপন বিভাগ
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
আগারগাঁও, ঢাকা।

(১৪) গত ২০-২২ মার্চ ২০২২ খ্রি. এবং ২৭-২৮ মার্চ ২০২২ খ্রি. তারিখ মোট ০৫ (পাঁচ) দিন কর্তৃপক্ষের কনফারেন্স রুমে (কক্ষ নং-৫০৩) State System of Accounting for and Control of Nuclear Material সংক্রান্ত IAEA এর ISSAS Mission Review Meeting অনুষ্ঠিত উপলক্ষ্যে রিভিউ মিটিং অনুষ্ঠিত।

(১৫) গত ১১-১২ মে ২০২২ মেয়াদে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চলমান "রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের পারমাণবিক নিরাপত্তা তদারকিকরণের লক্ষ্যে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিউক্লিয়ার রেগুলেটরী ইফ্রাস্ট্রাকচার উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আওতায় "Innovative Technology on Radioactive Waste Management Process" শীর্ষক একটি বিশেষ প্রশিক্ষণের আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণে উক্ত প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী হিসেবে উপস্থিত ছিলেন বাপশনিক এর বিভিন্ন পর্যায়ের বিজ্ঞানী ও প্রকৌশলীগণ এবং রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন ড. শহীদ হোসেইন, প্রাক্তন বিশেষজ্ঞ, আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থা (আইএইএ)।

(১৬) গত ১৪-২৬ মে ২০২২ মেয়াদে রাশিয়ায় "Bangladesh Delegation to visit the Manufacturing Plant of the equipment of the Rooppur Nuclear Power Plant (RNPP) and to participate in the Preparatory meeting regarding Licensing issues and IAEA missions (ISSAS, IPPAS, IRRS, EPREV) of RNP in Russian Federation during 14-26 May 2022" শীর্ষক ইভেন্টে সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং প্রকৌ. মোঃ মোজাম্মেল হক, চেয়ারম্যান, বাপশনিক ও ড. সত্যজিৎ ঘোষ, প্রকল্প পরিচালক, নিউক্লিয়ার রেগুলেটরী ইনফ্রাস্ট্রাকচার উন্নয়ন শীর্ষক প্রকল্প অংশগ্রহণ করেন।

(১৭) সাভারে অবস্থিত AERE 3 MW TRIGA MK-II Research Reactor এর ০৬ জন বিজ্ঞানী/প্রকৌশলীগণের Reactor Operator (RO) License এর জন্য Written Exam, Console Test এবং Viva & Walk-down পরীক্ষার মূল্যায়ণ এবং রেজাল্ট চূড়ান্ত করণ করা হয়েছে।

**<u>পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ এর কার্যাবলী:</u>**

বাংলদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষে বাস্তবায়নাধীন "জনসাধারণ ও পরিবেশের পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ সুরক্ষার লক্ষ্যে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের অবকাঠামো শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্পটি জুন, ২০২২ এ সফলভাবে সম্পন্ন হয়েছে।

**<u>বিকিরণ, পরিবহণ ও বর্জ্য নিরাপত্তা বিভাগ এর কার্যাবলী:</u>**

- <u>০১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত লাইসেন্স, পরিদর্শন এবং সংশ্লিষ্ট কার্যক্রম</u>

- দেশব্যাপী মেডিকেল, শিল্প, গবেষণা ও কৃষি কাজে ব্যবহৃত বিকিরণ উৎস ও অন্যান্য কর্মকান্ডের বিকিরণ সুরক্ষা নিশ্চিতকল্পে বাপশনি আইন-২০১২ অনুযায়ী প্রদানকৃত নতুন লাইসেন্স: ২০৯ টি
- দেশব্যাপী মেডিকেল, শিল্প, গবেষণা ও কৃষি কাজে ব্যবহৃত বিকিরণ উৎস ও অন্যান্য কর্মকান্ডের বিকিরণ সুরক্ষা নিশ্চিতকল্পে বাপশনি আইন-২০১২ অনুযায়ী প্রদানকৃত নবায়নকৃত লাইসেন্স: ২০৭৯ টি
- দেশে প্রবেশকারী সকল বিকিরণ উৎসের পারমিট প্রদানের সংখ্যা: ৫৭০ টি
- বাপশনি আইন-২০১২ অনুযায়ী বিকিরণ উৎপন্ন করেনা/ অব্যাহতিপ্রাপ্ত কর্মকান্ডের এনওসি প্রদানের সংখ্যা: ৫১ টি
- বাপশনি আইন-২০১২ অনুযায়ী দেশব্যাপী মেডিকেল, শিল্প, গবেষণা ও কৃষি কাজে ব্যবহৃত বিকিরণ উৎস ও অন্যান্য কর্মকান্ডের safety & security বজায় রেখে কার্যক্রম চালানোর বিষয় নিশ্চিত করার লক্ষ্যে Regulatory পরিদর্শন: ১৪৫ টি

১৩.০৭.২০২২
রুমানা শারমিন ফারজানা
প্রশাসনিক কর্মকর্তা
প্রশাসন ও সংস্থাপন বিভাগ
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
আগারগাঁও, ঢাকা।

**প্রশিক্ষণ ও নিবন্ধীকরণ বিভাগ এর কার্যাবলী:**

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এবং পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ বিধিমালা ১৯৯৭ অনুযায়ী বর্ণিত বিভাগ জনসাধারণ, বিকিরণ কর্মী ও পরিবেশের উপর আয়নায়নকারী বিকিরণের ঝুঁকি হ্রাসের লক্ষ্যে সুষ্ঠুভাবে বিকিরণ উৎস ব্যবহারের নিমিত্ত বিকিরণ কর্মী ও বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করে আসছে। উল্লেখিত প্রশিক্ষণ সমাপ্তির পর বর্ণিত বিভাগ পরীক্ষা গ্রহণ করে এবং সন্তোষজনক ফলাফলের ভিত্তিতে বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তাদের (RCO) সনদ প্রদান করে থাকে।

বর্ণিত বিভাগ কর্তৃক ২০২১-২২ অর্থবছরে ফ্যাসিলিটি অপারেটরদের জন্য আয়োজিত বিকিরণ সংক্রান্ত প্রশিক্ষণ কোর্স/কর্মশালা:

- প্রশিক্ষণ কোর্সের সংখ্যা: ৬ টি
- প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা: ১৯০ জন

## কর্মকর্তা-কর্মচারীগণের দায়িত্ব এবং সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার বিবরণঃ

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২-এর ধারা ১১ ও পানিবিনি বিধিমালা-১৯৯৭ অনুযায়ী কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারীগণ তাঁদের উপর ন্যস্ত দায়িত্ব পালন করেন।

## কর্তৃপক্ষের সকল নিয়ম-কানুন, আইন, অধ্যাদেশ, বিধিমালা, প্রবিধানমালা, প্রজ্ঞাপন, নির্দেশনা,ম্যানুয়াল, ইত্যাদির তালিকাসহ উহার নিকট রক্ষিত তথ্যসমূহের শ্রেণী-বিন্যাসঃ

**আইন:** বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ (২০১২ সনের ১৯ নং আইন);

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এর ইংরেজি সংস্করণ "The Bangladesh Atomic Energy Regulatory Act, 2012 (Act No 19 of 2012)" (১৭ সেপ্টেম্বর ২০১৭ তারিখে প্রকাশিত);

**বিধিমালা:** পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ বিধিমালা ১৯৯৭ (এস আর ও নম্বর ২০৫- আইন/৯৭ ইং);

**প্রবিধানমালা:** বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১৯ (গত ৩১ মে ২০১৯ ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রজ্ঞাপিত);

**নীতিমালা:** বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নৈতিক নীতিমালা (ফেব্রুয়ারি ২০১৮ তারিখে প্রকাশিত);

**নির্দেশিকা:** বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের তথ্য প্রকাশ নির্দেশিকা ২০১৮ (হালনাগাদকৃত ২০২০) ।

19.07.2022
রুমানা শারমিন ফারজানা
প্রশাসনিক কর্মকর্তা
প্রশাসন ও সংস্থাপন বিভাগ
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
আগারগাঁও, ঢাকা।

**কর্তৃপক্ষের নিকট হতে কোন ব্যক্তি যে সকল শর্তে লাইসেন্স, পারমিট, অনুদান, বরাদ্দ, সম্মতি, অনুমোদন বা অন্য কোন প্রকার সুবিধা গ্রহণ করতে পারবেন তার বিবরণ এবং উক্তরূপ শর্তের কারণে তার সাথে কোন প্রকার লেনদেন বা চুক্তি সম্পাদনের প্রয়োজন হলে সেই সকল শর্তের বিবরণ:**

**<u>লাইসেন্সের গ্রহণের শর্ত:</u>**

- চেয়ারম্যান, বাপশনিক-এর বরাবরে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এবং পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ (পানিবিনি) বিধিমালা, ১৯৯৭ অনুযায়ী লাইসেন্স গ্রহণের আবেদন;
- (পানিবিনি) বিধিমালা, ১৯৯৭ এর বিধি ১০ অনুযায়ী আয়নায়নকারী বিকিরণ সংশ্লিষ্ট কর্মকান্ডের যৌক্তিকতা;
- পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ বিধিমালা, ১৯৯৭ এর তফসিল ৪.১ হতে ৪.৮ এ প্রদত্ত শ্রেণীভেদে বর্ণিত ফরমে আবেদন;
- সংশ্লিষ্ট লাইসেন্সের জন্য তফসিল ৬ এ বর্ণিত নির্ধারিত ফী;
- (পানিবিনি) বিধিমালা, ১৯৯৭ এর বিধি ১০.১ (ঘ) অনুযায়ী নিরাপত্তা ও নিয়ন্ত্রণ এর শর্তাবলী;
- বিধি ১০.১ এর (ঙ) অনুযায়ী আর্থিক সঙ্গতি, (চ) অনুযায়ী দক্ষ ও যোগ্য মানবসম্পদ; এবং
- সংশ্লিষ্ট লাইসেন্সের জন্য আইন ও বিধিমালা অনুযায়ী অন্যান্য প্রয়োজনীয় ডকুমেন্ট ও কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত নিউক্লীয় ও বিকিরণ সংশ্লিষ্ট অন্যান্য সকল শর্ত মেনে চলা।

**<u>পারমিট গ্রহণের শর্ত:</u>**

- চেয়ারম্যান, বাপশনিক-এর বরাবরে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এবং পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ (পানিবিনি) বিধিমালা , ১৯৯৭ অনুযায়ী পারমিট গ্রহণের আবেদন;
- (পানিবিনি) বিধিমালা, ১৯৯৭ এর বিধি ১১.২ অনুযায়ী আয়নায়নকারী বিকিরণ সংশ্লিষ্ট উৎসের আমদানী ও রপ্তানী পারমিটের প্রযোজ্য চাহিদা পূরণ;
- পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ বিধিমালা, ১৯৯৭ এর তফসিল ১৮ এ প্রদত্ত ফরমে আবেদন;
- সংশ্লিষ্ট পারমিটের জন্য তফসিল ৭ এ বর্ণিত নির্ধারিত ফী;

**<u>এন ও সি গ্রহণের শর্ত:</u>**

নিম্নোক্ত শর্তে কাস্টমস থেকে খালাসের জন্য এন ও সি গ্রহণ করতে হয়;

- বিকিরণ উৎপন্ন করে না কিন্তু বিকিরণ যন্ত্রের সাথে সংশ্লিষ্ট মেশিনসমূহ;
- Spent Radioactive Sources;
- Empty Trasport Container;
- Film Auto Processor Radiographic Equipment ইত্যাদি যা বিকিরণ সংশ্লিষ্ট নয়।

19.07.2022
রুমানা শারমিন ফারজানা
প্রশাসনিক কর্মকর্তা
প্রশাসন ও সংস্থাপন বিভাগ
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
আগারগাঁও, ঢাকা।

## নাগরিকদের তথ্য অধিকার নিশ্চিত করার জন্য প্রদত্ত সুবিধাদির বিবরণ এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম,পদবী, ঠিকানা এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই মেইল ঠিকানাঃ

নাগরিকদের তথ্য অধিকার নিশ্চিত করার জন্য প্রদত্ত সুবিধাদির বিবরণ এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম,পদবী, ঠিকানা এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই মেইল ঠিকানাঃ

| ক্রমিক নং | সংস্থার নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী | ফোন, মোবাইল, ফ্যাক্স, ই-মেইল নম্বর | যোগাযোগের ঠিকানা |
|---|---|---|---|---|
| আপীল কর্মকর্তা | | | | |
| ১। | বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) | প্রকৌঃ মোঃ মোজাম্মেল হক, চেয়ারম্যান | টেলিফোন : ৮৮-০২- ৮১৮১৯২২<br>৮৮-০২- ৮১৮১৩৮৬<br>মোবাইল : ০১৮১৯-২৪৭৫৭৭<br>ফ্যাক্স : ৮৮-০২-৮১৮১০১৫<br>ই-মেইল:<br>chairman@baera.gov.bd<br>mmhaque00@yahoo.com | বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, অথরিটি ভবন, ই-১২/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭। |
| দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | | | | |
| ২। | বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) | মোঃ আফছার উদ্দিন, মুখ্য প্রশাসনিক কর্মকর্তা | টেলিফোন: ৮৮-০২-৮১৮১০৪০<br>মোবাইল: ০১৬৮৩-৮৫৭১৫২<br>ফ্যাক্স: ৮৮-০২-৮১৮১০১৫<br>ই-মেইল:<br>auddin@baera.gov.bd.com | বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, অথরিটি ভবন, ই-১২/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭। |
| বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | | | | |
| | বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) | মোঃ আইয়ুব আলী সেক, এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার | টেলিফোন:৮৮-০২-৮১৮১৯২২<br>মোবাইল: ০১৯১১-৭০৭০৩২<br>ফ্যাক্স: ৮৮-০২-৮১৮১০১৫<br>ই-মেইল:<br>aiubsheak@gmail.com | বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, অথরিটি ভবন, ই-১২/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭। |

19.07.2022
রুমানা শারমিন ফারজানা
প্রশাসনিক কর্মকর্তা
প্রশাসন ও সংস্থাপন বিভাগ
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
আগারগাঁও, ঢাকা।

## ২০২১-২২ অর্থবছরে সম্পাদিত অন্যান্য উল্লেখযোগ্য কার্যাবলী

### আয় সংক্রান্ত তথ্য

প্রতিবেদনকালে আনুমানিক ১১,৯৯,০৬,২৫৪/- (এগারো কোটি নিরানব্বই লক্ষ ছয় হাজার দুইশত চুয়ান্ন) মাত্র সেবাদান খাত হতে অর্জিত হয়।

### বাজেট সংক্রান্ত তথ্য

| বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের রাজস্ব বাজেট সমূহ | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| অর্থবছর | ২০১৩-১৪ | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ |
| বাজেট (হাজার টাকায়) | ২,৪১,৫০ | ৩,০০,০০ | ২,১৫,০০ | ২,২৫,০০ | ২,৪০,০০ | ২,৫২,০০ | ৩,০০,০০ | ৩,০০,০০ | ৩,৫০,০০ |

* বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ২০১৩ সালে প্রতিষ্ঠিত হয়েছে।

### জনসচেতনতা বৃদ্ধি

বিকিরণের ক্ষতিকর প্রভাব থেকে সুরক্ষার উপায় সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করা হয়ঃ

- বিকিরণ উৎস ব্যবহারকারীর মধ্যে সচেতনতা বৃদ্ধি করার লক্ষ্যে বিভিন্ন তথ্য এবং পরামর্শ প্রদান;
- বিকিরণ সুরক্ষা বিষয়ে পোস্টার, লিফলেট ও ব্রশিউর বিতরণ;
- বিকিরণ নিরাপত্তা বিষয়ে ইলেক্ট্রনিক, প্রিন্ট মিডিয়া ও ইন্টারনেটের মাধ্যমে প্রয়োজনীয় তথ্যাদি প্রকাশ;
- বাপশনিক এর সেবা সংক্রান্ত বিষয়ে গণশুনানি আয়োজন।

### চলমান উন্নয়ন প্রকল্পঃ

(১) "রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের পারমাণবিক নিরাপত্তা তদারকিকরণের লক্ষ্যে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিউক্লিয়ার রেগুলেটরী ইনফ্রাস্ট্রাকচার উন্নয়ন" শীর্ষক প্রকল্প। প্রকল্পটির মেয়াদকাল জুলাই ২০১৯-জুন ২০২৫।

## সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

❖ নিউক্লীয় রেগুলেটরী অবকাঠামো শক্তিশালীকরণ-

(ক) জনবল নিয়োগ;

(খ) পরমাণু শক্তি কমিশন হতে কর্তৃপক্ষে কর্মরত বিভিন্ন পর্যায়ের বিজ্ঞানী/প্রকৌশলীদের কর্তৃপক্ষে আত্মীকরণ;

(গ) কর্মকর্তা কর্মচারীদের যাতায়াত ও বাসস্থানের সুব্যবস্থা;

17.07.2022
রুমানা শারমিন ফারজানা
প্রশাসনিক কর্মকর্তা
প্রশাসন ও সংস্থাপন বিভাগ
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
আগারগাঁও, ঢাকা।

(ঘ) Radiation Safety, Transport & waste Safety, নিউক্লিয়ার সেফটি, নিউক্লিয়ার সিকিউরিটি ও নিউক্লিয়ার সেফগার্ডস্‌সহ বাপশনি আইনের ধারা-৬৯ অনুযায়ী অন্যান্য প্রবিধানমালা প্রণয়ন;

- ❖ সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী নিউক্লীয় নিরাপত্তা নিশ্চিত করে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের বিভিন্ন পর্যায়ের (Installation, Commissioning, Operation ইত্যাদি) লাইসেন্স/approval/permission প্রদান এবং
- ❖ সকল প্রকার বিকিরণ ঝুঁকি মোকাবেলায় জনগণকে সম্পৃক্ত করণ।

## ভবিষ্যৎ পরিকল্পনা


- কর্তৃপক্ষের জন্য উপযুক্ত জনবল নিয়োগ।
- রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের Design and Construction Licence সংক্রান্ত কর্মকান্ডের Regulatory Supervision সহ JSC “VO “Safety” এবং Rostechnadzor এর সহযোগিতায় Updated PSAR, and Final Safety Analysis Report (FSAR) মূল্যায়নসহ এই বিদ্যুৎ কেন্দ্রের Installation, Commissioning এবং Operation Licence/Approval/Permission প্রদান এবং নিয়ন্ত্রণমূলক পরিদর্শন সম্পাদন।
- দেশব্যাপী স্থাপিত বিকিরণ স্থাপনার লাইসেন্স প্রদানসহ সম্ভাব্য বিকিরণ ঝুঁকি মোকাবেলায় বিকিরণকর্মীদের সম্পৃক্তকরণ।
- কর্মকর্তা/কর্মচারীদের জন্য মানবসম্পদ উন্নয়ন, প্রশিক্ষণ কর্মসূচী গ্রহণ ও পরিচালনা।


## উপসংহার

পরমাণু শক্তির শান্তিপূর্ণ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এর যথাযোগ্য প্রতিপালন এবং প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদারকরণ, সুশাসন সংহতকরণ ও সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ অঙ্গীকারাবদ্ধ।


13.07.2022
রুমানা শারমিন ফারজানা
প্রশাসনিক কর্মকর্তা
প্রশাসন ও সংস্থাপন বিভাগ
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
আগারগাঁও, ঢাকা।

## বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) এর ২০২১-২২ অর্থবছরে গুরুত্বপূর্ণ কার্যাবলীর ছবিঃ

| | |
|---|---|
|  |  |
| বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষে ২০-২৮ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত ISSAS মিশন | বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষে ২০-২৮ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত ISSAS মিশন: সমাপনী অনুষ্ঠানে মূল্যবান বক্তব্য রাখেন অনুষ্ঠানের প্রধান অতিথি, স্থপতি ইয়াফেস ওসমান, মাননীয় মন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় |

| | |
|---|---|
|  |  |
| রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র প্রকল্প সাইটে নিয়ন্ত্রণমূলক পরিদর্শন | সেন্টার ফর রিসার্চ রিয়্যাক্টর, সাভারে নিয়ন্ত্রণমূলক পরিদর্শন |

10.07.2022
রুমানা শারমিন ফারজানা
প্রশাসনিক কর্মকর্তা
প্রশাসন ও সংস্থাপন বিভাগ
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
আগারগাঁও, ঢাকা।



৩১ মার্চ ২০২২ খ্রি. তারিখ "জাতীয় শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধ সহায়ক" বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী হিসেবে কর্তৃপক্ষের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারিগণ অংশগ্রহণ করেন এবং প্রশিক্ষক হিসাবে উপস্থিত ছিলেন প্রকৌ. মোঃ মোজাম্মেল হক, চেয়ারম্যান, বাপশনিক, ঢাকা।



**Ceremony of the Signing of Contract-3 between BAERA and JSC "VO "Safety"**





প্রকল্পের আওতায় আয়োজিত ডায়াগনস্টিক রেডিওলজির উপর প্রশিক্ষণ।



আরসিও প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ প্রদান অনুষ্ঠান

19.07.2022

রুম্মানা শারমিন ফারজানা
প্রশাসনিক কর্মকর্তা
প্রশাসন ও সংস্থাপন বিভাগ
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
আগারগাঁও, ঢাকা।

| | |
|---|---|
|  |  |
| Regulatory advice for safety assessment | Regulatory advice for safety assessment |

17.07.2022

রুমানা শারমিন ফারজানা
প্রশাসনিক কর্মকর্তা
প্রশাসন ও সংস্থাপন বিভাগ
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
আগারগাঁও, ঢাকা।